ইসরাইল-ফিলিস্তিন নিয়ে নিরাপত্তা পরিষদে জরুরি বৈঠক

চেম্বার ডেস্ক:: জেরুজালেমের আল-আকসা মসজিদ প্রাঙ্গণে হামলা ও প্রাচীন শেখ জারাহ এলাকা থেকে ফিলিস্তিনিদের উচ্ছেদের ঘটনাকে কেন্দ্র করে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে জরুরি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

সোমবার এ বৈঠক অনুষ্ঠিত হলেও এ বিষয়ে আনুষ্ঠানিক কোনো বিবৃতি দেওয়া হয়নি।

এএফপির হাতে আসা নিরাপত্তা পরিষদের বৈঠকের খসড়া বিবৃতি থেকে জানা গেছে, পূর্ব জেরুজালেম থেকে ফিলিস্তিনিদের উচ্ছেদ ও ইসরাইলের নতুন বসতি স্থাপন বন্ধের আহ্বান জানানো হবে।

এ ছাড়া পশ্চিম তীরে উত্তেজনা বৃদ্ধি ও সংঘর্ষের ঘটনায় উদ্বেগ প্রকাশের বিষয়টিও উল্লেখ রয়েছে বিবৃতিতে।

এই আলোচনার জন্য নরওয়ে প্রথম খসড়া প্রস্তাব তৈরি করেছিল বলে কূটনীতিকেরা জানিয়েছেন। নরওয়ের এই খসড়া প্রস্তাবে সমর্থন দিয়েছে তিউনিসিয়া ও চীন। ওই প্রস্তাবের ওপর ভিত্তি করেই সিদ্ধান্ত হতে পারে।

কূটনীতিকেরা বলেছেন, যুক্তরাষ্ট্র ধারণা করছে, এই বৈঠক নিয়ে প্রকাশ্যে বিবৃতি দিলে তা হিতে বিপরীত হতে পারে।

এদিকে জেরুজালেমে আগ্রাসনের দায়ে দখলদার ইসরাইলকে কিছু না বললেও হামাসের হামলার নিন্দা জানিয়েছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন।

তিনি বলেন, এই হামলা দ্রুত বন্ধ করতে হবে। এ ছাড়া দুই পক্ষের মধ্যে উত্তেজনা হ্রাস করে বাস্তবসম্মত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেন, হামাস সীমা অতিক্রম করেছে, তাই ইসরাইল তার শক্তি দিয়ে জবাব দেবে।